শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

কৃষক এবং বীজ

লেখক: Edward Hughes
চিত্রাংকন: M. Maillot; Lazarus
অভিযোজন: E. Frischbutter; Sarah S.
অনুবাদক: Manab Biswas
Alastair Paterson
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

একদিন যীশু হ্রদের ধারে শিক্ষা দিচ্ছিলেন। তাঁর কথা শুনতে অনেক মানুষ জড়ো হয়েছিল।

সামনে একটা নৌকা দেখতে পেয়ে, তিনি তাতে উঠলেন। এখন তিনি লোকদের দেখতে পাচ্ছেন এবং তারাও যীশুকে দেখতে ও শুনতে পারছিল।

যীশু ছোট ছোট গল্প বলতে শুরু করলেন। তিনি সাধারণ বিষয় নিয়ে গল্প বলতেন, যা লোকদের ঈশ্বরের বিষয়ে শেখাত।

“একজন কৃষক বীজ ছড়াচ্ছিলেন।” যীশুর গল্প ছিল একদম ছবির মতো পরিস্কার।



কৃষকের কাজ করাটাকে লোকেরা বুঝতে পারত। তারা এটা অনেকবার দেখেছে।

কিছু বীজ পথের পাশে পড়ল।
ক্ষণিকের মধ্যে সেগুলো পাখিরা
খেয়ে ফেলল।



কিছু বীজ মাঠের পাথুরে জমিতে পড়ল। ক্ষণিকের মধ্যে তারা দুর্বল হয়ে পড়ল। সূর্যের প্রখর তাপে তারা মূর্ছা গেল, কারণ তাদের শিকড় ফাঁপা জমিতে ছিল।



অন্য বীজগুলো কাঁটা জমিতে শিকড়
পেড়েছিল। তারা ফল দিল না।
কাঁটাগাছগুলি তাদের ঘিরে রেখেছিল,
সূর্যকিরণ ও বৃষ্টি থেকে বঞ্চিত ছিল।

বাদবাকি বীজগুলি সুন্দর জমিতে পড়েছিল। কিছু সময় পেরিয়ে যাবার পর, সেগুলি সতেজ গাছে পরিণত হয়ে নতুন নতুন বীজ উৎপন্ন করল। কৃষক নিশ্চয় খুব খুশি হয়েছিল।



গল্পের শেষে শিষ্যরা যীশুর কাছে এল। তারা জিজ্ঞাসা করল, “আমাদের উপমার মাধ্যমে শিক্ষা দিচ্ছেন কেন?”



যীশু বললেন, “তারা যদি সত্যি ঈশ্বরকে ভালোবাসে, তাহলে উপমার মাধ্যমে ঈশ্বর সম্বন্ধে বুঝতে সুবিধা হবে। যারা ঈশ্বরকে ভালোবাসে না, তারা উপমা বুঝতে পারবে না।”



যীশু উপমাটি ব্যাখ্যা করলেন। তিনি বললেন, “বীজ হল ঈশ্বরের বাক্য। যে বীজগুলি পথের পাশে পড়েছে, তা হল কিছু মানুষ ঈশ্বরের বাক্য
শোনে, কিন্তু বুঝতে পারে না। ঈশ্বর তাদের যা বলে,
শয়তান সেগুলি ভুলিয়ে দেয়।”

"কিছু লোক খুব তাড়াতাড়ি ঈশ্বরের বাক্য গ্রহণ করে। তারা হল পাথুরে জমিতে পড়া বীজ, কিন্তু ঈশ্বরকে ভালোবাসার জন্য কেউ তাদের ঠাট্টা করলে, অথবা কিছু কঠিন অবস্থার মধ্যে পড়লে, তারা দুঃখের মধ্যে পড়ে।"

“এই সেই লোকেরা, যারা আনন্দ সহকারে ঈশ্বরকে অনুসরণ করবে বলে শুরু করে। তারাই ফিরে গিয়ে ঈশ্বরের বাক্যকে অমান্য করে। ঈশ্বরকে অনুসরণ করার মূল্য দেয় না। কত দুঃখজনক যে, তারা ঈশ্বরকে খুশি করার পরিবর্তে, বন্ধু-বান্ধবদের খুশি করে।”

"এই উপমায় কাঁটা হল, জাগতিক দুশ্চিন্তা এবং টাকা-পয়সার প্রতি প্রেম, যা তাদের জীবনকে ভরিয়ে দেয়। তারা খুব ব্যস্ত, তারা আরও টাকার জন্য চেষ্টা করছে এবং আর একটা বিষয় হল যে, তারা ঈশ্বরকে তাদের জীবন থেকে বিদায় দিয়েছে।"

“কিন্তু যে বীজগুলি ভালো জমিতে পড়ল এবং ভালো শস্য দিল, সেটা হল এমন যে, ঈশ্বরের বাক্য তাদের হৃদয়ে প্রবেশ করল এবং তাদের জীবনকে পরিবর্তন করল। এইসব লোকেরা ঈশ্বরকে সম্মান ও সেবা করে।”

জনতা যীশুকে ছাড়তে চাইল না। অনেকে ঈশ্বরকে অনুসরণ ও খুশি করতে চাইল। কীভাবে ঈশ্বরকে মান্য করা যায়, তা যীশুর উপমা তাদের বুঝতে সাহায্য করেছে।

কৃষক এবং বীজ

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ১৩

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬